গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**অর্থ মন্ত্রণালয়**

**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**

**(কাষ্টমস ও মূল্য সংযোজন কর)**

**প্রজ্ঞাপন**

তারিখ: **১৫ জ্যৈষ্ঠ, ১৪৩১** বঙ্গাব্দ/ **২৯ মে, ২০২৪** খ্রিষ্টাব্দ

**এস. আর .ও .নং- ২০৮-আইন/২০২৪/৬০/কাষ্টমস।**— সরকার, কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সালের ৫৭ নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ২৫ এর উপ-ধারা (১) এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, জনস্বার্থে, আন্তর্জাতিক দরপত্রের বিপরীতে বৈদেশিক মুদ্রার বিনিময়ে বাংলাদেশের অভ্যন্তরে সরবরাহের উদ্দেশ্যে পণ্য উৎপাদনে ব্যবহার্য কাঁচামাল আমদানির ক্ষেত্রে আরোপণীয় উক্ত আইনের প্রথম তফসিলে উল্লিখিত সমুদয় কাস্টমস শুল্ক (Customs Duty), রেগুলেটরি শুল্ক, মূল্য সংযোজন কর, আগাম কর ও সম্পূরক শুল্ক, যদি থাকে, নিম্নবর্ণিত শর্তাবলি প্রতিপালন সাপেক্ষে, অব্যাহতি প্রদান করিল, যথা:-

**শর্তাবলি**

(১) আন্তর্জাতিক দরপত্র আবশ্যিকভাবে পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ অনুসরণপূর্বক জারীকৃত হইবে;

(২) কার্যাদেশপ্রাপ্ত প্রতিষ্ঠানকে আবশ্যিকভাবে নিজ নামে (as consignee) আমদানি করিতে হইবে এবং আমদানি পর্যায়ে শুল্কায়নের সময় Notification of Award (NOA), চুক্তিপত্রের কপি এবং দরপত্র সংশ্লিষ্ট দলিলাদি দাখিল করিতে হইবে;

(৩) কার্যাদেশপ্রাপ্ত প্রতিষ্ঠানকে অবশ্যই Industrial IRC Holder এবং VAT complaint উৎপাদনকারী (manufacturer) হইতে হইবে;

ব্যাখ্যা-

(ক) "Industrial IRC Holder" অর্থ এমন প্রতিষ্ঠান যাহার নিকট আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর হইতে ইস্যুকৃত শিল্পভোক্তা (industrial consumer) আইআরসি রহিয়াছে;

(খ) "VAT compliant" অর্থ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর অধীন নিবন্ধিত এবং উক্ত আইনের ধারা ৫১, ৫৩, ৫৪, ৬৪ ও ১০৭ এ উল্লিখিত মূল্য সংযোজন কর সংক্রান্ত হিসাবরক্ষণসহ কর চালানপত্র ও দাখিলপত্রের যাবতীয় আনুষ্ঠানিকতা প্রতিপালন করে এইরূপ উৎপাদনকারী প্রতিষ্ঠান;

(৪) এই প্রজ্ঞাপনের আওতায় রেয়াতি সুবিধায় পণ্য আমদানির ক্ষেত্রে শুল্কায়নের সময় কার্যাদেশ প্রদানকারী প্রতিষ্ঠান সংশ্লিষ্ট পোষক মন্ত্রণালয়ের যুগ্মসচিব বা তদূর্ধ্ব পর্যায়ের কর্মকর্তা কর্তৃক **পরিশিষ্ট-১** অনুযায়ী চালানভিত্তিক প্রত্যয়নপত্র দাখিল করিতে হইবে;

(৫) এই প্রজ্ঞাপনের আওতায় আমদানিকৃত পণ্য পৃথক রেজিস্টারে লিপিবদ্ধ করিয়া প্রতিষ্ঠানের অঙ্গনে পৃথকভাবে সংরক্ষণ করিতে হইবে;

(৬) কার্যাদেশপ্রাপ্ত প্রতিষ্ঠান কর্তৃক কার্যাদেশপ্রাপ্তির পূর্বে আমদানিকৃত কোন পণ্যের ক্ষেত্রে এই প্রজ্ঞাপনের রেয়াতী সুবিধা প্রযোজ্য হইবে না;

(৭) কার্যাদেশ প্রাপ্তির পর এই প্রজ্ঞাপনের আওতায় রেয়াতি সুবিধায় কাঁচামাল আমদানির পূর্বে কার্যাদেশের বিপরীতে সরবরাহের উদ্দেশ্যে প্রতি একক পণ্য উৎপাদনের জন্য আবশ্যক কাঁচামাল বা উপকরণের তালিকা (অপচয়সহ) ও যৌক্তিক পরিমাণ সম্বলিত উপকরণ-উৎপাদ সহগ সম্পর্কিত তথ্য **পরিশিষ্ট-২** অনুযায়ী সংশ্লিষ্ট কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট বরাবরে দাখিল করিতে হইবে। কমিশনার প্রয়োজনীয় পরীক্ষাপূর্বক যথাযথ প্রাপ্তি সাপেক্ষে উক্ত সহগ অনুমোদনপূর্বক প্রতি স্বাক্ষর করিবেন। কমিশনার কর্তৃক অনুমোদিত **পরিশিষ্ট-২** এর সত্যায়িত অনুলিপি প্রতিটি আমদানি পণ্যচালান শুল্কায়নকালে আমদানি দলিলাদির সাথে দাখিল করিতে হইবে;

(৮) আন্তর্জাতিক দরপত্রের বিপরীতে স্থানীয় পর্যায়ে পণ্য সরবরাহের ক্ষেত্রে যথাসময়ে বৈদেশিক মুদ্রা প্রত্যাবাসিত না হইলে আমদানিকৃত কাঁচামালের উপর স্বাভাবিক হারে শুল্ক-কর এবং উৎপাদিত পণ্যের উপর প্রযোজ্য মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক, যদি থাকে,আদায়যোগ্য হইবে;

(৯) কার্যাদেশের বিপরীতে পণ্য সরবরাহ সম্পন্নের ৩ (তিন) মাসের মধ্যে সরবরাহকারী প্রতিষ্ঠান পণ্য সরবরাহের প্রমাণক এবং প্রযোজ্য সকল দলিলাদিসহ সংশ্লিষ্ট কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট বরাবরে নিরীক্ষা সম্পাদনের জন্য আবেদন করিবেন। কমিশনার ২ (দুই) মাসের মধ্যে নিরীক্ষা সম্পন্ন করিবেন এবং নিরীক্ষা প্রতিবেদন সদস্য, কাস্টমস (রপ্তানি ও বন্ড), জাতীয় রাজস্ব বোর্ড বরাবরে প্রেরণ করিবেন;

(১০) কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সালের ৫৭ নং আইন) এর ধারা ১২ এর অধীন বন্ড লাইসেন্সপ্রাপ্ত প্রতিষ্ঠান কর্তৃক আমদানির ক্ষেত্রে এই প্রজ্ঞাপনের বিধান প্রযোজ্য হইবে না;

(১১) জাহাজ ও ড্রেজার শিল্পের জন্য উপরোক্ত প্রযোজ্য শর্তাদির সহিত নিম্নোক্ত শর্তসমূহ প্রযোজ্য হইবে, যথা:-

(ক) শর্ত (৭) অনুযায়ী তথ্য দাখিলের পূর্বে জাহাজ অথবা ড্রেজার নির্মাণকারী প্রতিষ্ঠানকে নির্মিতব্য জাহাজ কিংবা ড্রেজারের হাল নম্বরসহ প্রয়োজনীয় কাঁচামালের, ধরন, বিবরণ ও পরিমাণ (বিদেশ থেকে আমদানিতব্য ও স্থানীয় উৎস হইতে ক্রয়যোগ্য পণ্যের নামসহ) সম্বলিত তালিকা International Classification Society অথবা এর আওতায় পরিচালিত সংস্থা কর্তৃক

অনুমোদনপূর্বক **পরিশিষ্ট ২** এর সহিত সংশ্লিষ্ট কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট বরাবর দাখিল করিতে হইবে;

(খ) দফা (ক) তে উল্লিখিত তালিকার তথ্য এবং **পরিশিষ্ট-২** যাচাইকালে যথাযথ প্রাপ্তি সাপেক্ষে কমিশনার, অনুমোদন এবং প্রতিস্বাক্ষর প্রদান করিবেন, তবে কমিশনারের নিকট আবশ্যক বিবেচিত হইলে তিনি তা পুনঃযাচাই বা উপকরণ-উৎপাদ সহগ পুনঃনির্ধারণের উদ্দেশ্যে কাস্টমস রেয়াত ও প্রত্যর্পণ দপ্তর অথবা নৌযান ও নৌযন্ত্র কৌশল বিভাগ, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় অথবা অন্য কোন সরকারী/ আধা-সরকারি উপযুক্ত প্রতিষ্ঠানে প্রেরণ করিবেন। উক্তরুপ প্রতিষ্ঠান হইতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে কমিশনার উপকরণ-উৎপাদ সহগ সম্বলিত **পরিশিষ্ট-২** অনুমোদন করিবেন;

(গ) আমদানিকারক কার্যাদেশের বিপরীতে পণ্য সরবরাহের উদ্দেশ্যে প্রয়োজনীয় কাঁচামাল এক বা একাধিক চালানে আমদানি করিতে পারিবে। কমিশনার কর্তৃক অনুমোদিত **পরিশিষ্ট-২** এর সত্যায়িত অনুলিপি প্রতিটি আমদানি পণ্যচালান শুল্কায়নকালে আমদানি দলিলাদির সাথে দাখিল করিতে হইবে।

(ঘ) প্রতিটি কার্যাদেশের বিপরীতে প্রত্যায়িত ও আমদানিকৃত কাঁচামাল এবং সরঞ্জামাদি রেজিস্টারে এন্ট্রি করিয়া জাহাজ অথবা ড্রেজার নির্মাণের পর একটি নির্দিষ্ট হাল নম্বরের বিপরীতে যে পরিমাণ কাঁচামাল জাহাজ অথবা ড্রেজার নির্মাণে ব্যবহৃত হইয়াছে, জাহাজ নির্মাণকারক প্রতিষ্ঠানকে তাহার বিস্তারিত ঘোষণা সংশ্লিষ্ট কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেটের কমিশনারের নিকট দাখিল করিতে হইবে;

(ঙ) জাহাজ বা ড্রেজার নির্মাণকারী প্রতিষ্ঠান জাহাজ বা ড্রেজারের নির্মাণের পর তা সরবরাহের অন্তত ৩০ (ত্রিশ) দিন পূর্বে জাহাজ নির্মাণ সম্পন্নের ঘোষণা প্রদানপূর্বক জাহাজ নির্মাণ সম্পন্নের সনদের জন্য মনোনীত International classification society অথবা এর আওতায় পরিচালিত সংস্থা এবং বাংলাদেশ প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (বুয়েট) এর নিকট আবেদন করিবে;

(চ) জাহাজ বা ড্রেজার নির্মাণকারী প্রতিষ্ঠানের ঘোষণা ও আবেদন পাওয়ার পর তাহা পরীক্ষা নিরীক্ষাপূর্বক সঠিক প্রাপ্তি সাপেক্ষে International classification society অথবা এর আওতায় পরিচালিত সংস্থা জাহাজ বা ড্রেজার নির্মাণ সমাপ্ত হইয়াছে (Completion of construction certificate) মর্মে প্রত্যয়নপত্র প্রদান করিবেন;

(ছ) অনুরূপভাবে জাহাজ বা ড্রেজার নির্মাণকারী প্রতিষ্ঠান হতে আবেদন পাওয়ার পর বুয়েট কর্তৃপক্ষ সহগ মোতাবেক কাঁচামালের ব্যবহার যথাযথ হইয়াছে কিনা তাহা নিশ্চিত হইয়া প্রত্যয়নপত্র প্রদান করিবে;

(জ) জাহাজ বা ড্রেজার নির্মাণকারী প্রতিষ্ঠান এই পর্যায়ে International classification society কর্তৃক ইস্যুকৃত সনদপত্রের হার্ড কপি এবং বুয়েট কর্তৃক ইস্যুকৃত সনদপত্রের হার্ড কপিসহ সংশ্লিষ্ট কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট বরাবর নির্মিত জাহাজ বা ড্রেজারের ট্রায়াল এর অনুমতির আবেদন করিবেন;

(ঝ) সংশ্লিষ্ট কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট কর্তৃক ইস্যুকৃত ট্রায়াল এর অনুমতিপত্র প্রাপ্তি সাপেক্ষে নির্মিত জাহাজ বা ড্রেজার এর ট্রায়াল সম্পন্ন করিতে হইবে। উক্ত ট্রায়াল এর ফলাফল যথাযথ প্রাপ্তি সাপেক্ষে মনোনীত ক্লাসিফিকেশন সোসাইটি চূড়ান্ত সনদপত্র এবং ক্রেতা প্রতিষ্ঠান Acceptance certificate প্রদান করিবেন;

(ঞ) নির্মাণকারী প্রতিষ্ঠান International classification society অথবা এর আওতায় পরিচালিত সংস্থা কর্তৃক ইস্যুকৃত চূড়ান্ত সনদের হার্ড কপি এবং ক্রেতা প্রতিষ্ঠান কর্তৃক Acceptance Certificate এর হার্ড কপিসহ সংশ্লিষ্ট কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট বরাবর চূড়ান্ত সরবরাহের অনুমতির জন্য আবেদন করিবে। সংশ্লিষ্ট কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট নির্মিত জাহাজ বা ড্রেজার রপ্তানি বা সরবরাহের অনুমতি প্রদান করিবে।

২। এই প্রজ্ঞাপনের অধীন রেয়াতি সুবিধায় তফসিলে বর্ণিত পণ্য আমদানিযোগ্য হইবে না।

৩। এই প্রজ্ঞাপন ৬ জুন, ২০২৪ খ্রিষ্টাব্দ তারিখে কার্যকর হইবে।

**পরিশিষ্ট-১**

[শর্ত (৪) দ্রষ্টব্য]

প্রত্যয়ন করা যাইতেছে যে মেসার্স ............................. একটি মুসক নিবন্ধিত শিল্পোৎপাদক প্রতিষ্ঠান যার মুসক নিবন্ধন নম্বর ..................। প্রতিষ্ঠানটি .................. মন্ত্রনালয়ের অধীন ......... বিভাগের আওতাভুক্ত ............ দপ্তর/অধিদপ্তর/পরিদপ্তর/প্রকল্পের আওতায় ................................শীর্ষক দরপত্রের বিপরীতে ....................পণ্য সরবরাহের জন্য কার্যাদেশপ্রাপ্ত (কার্যাদেশ নং ............ তারিখ ...........…)। কার্যাদেশে উল্লিখিত পণ্য উৎপাদনের নিমিত্তে প্রতিষ্ঠানটি বিএল নম্বর ............ তারিখ ........., এল সি নম্বর ............ তারিখ ........., ইনভয়েস নম্বর ...... তারিখ ......... এর মাধ্যমে ............ .... কাঁচামাল ............পরিমাণে আমদানি করিয়াছে। উল্লিখিত বিবরণ এবং পরিমাণ অনুযায়ী আমদানিকৃত কাঁচামাল এতদ্‌সংশ্লিষ্ট কার্যাদেশে উল্লিখিত পণ্য উৎপাদনকাজে ব্যবহৃত হইবে।

**প্রত্যয়নকারী কর্তৃপক্ষ**

স্বাক্ষর:

নাম:

পদবী:

সীল:

**পরিশিষ্ট-২**

[শর্ত (৭) ও (১১) দ্রষ্টব্য]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড

.................... দপ্তরের বিগত .........তারিখের আন্তর্জাতিক দরপত্র নম্বর...... তারিখ এর কার্যাদেশ নং......... তারিখ......এর বিপরীতে সরবরাহের জন্য ............পণ্য উৎপাদন কাজে আবশ্যক উপকরণ সম্পর্কিত ঘোষণা:

১। প্রতিষ্ঠানের নাম:
২। ঠিকানা:
৩। মুসক নিবন্ধন নম্বর:

| ক্রম নং | পণ্যের নাম ও এইচ এস কোড | একক | পণ্য উৎপাদনে ব্যবহার্য উপকরণের নাম (এইচ এস কোড সহ) | অপচয়সহ প্রতি একক পণ্য উৎপাদনে প্রয়োজনীয় উপকরণের প্রতিটির পরিমাণ | অপচয় ব্যতীত প্রতি একক পণ্য উৎপাদনে প্রয়োজনীয় উপকরণের প্রতিটির পরিমাণ | অপচয়ের শতকরা হার |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| | | | | | | |

প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কর্তৃপক্ষের
স্বাক্ষর ও তারিখ

কমিশনারের প্রতিস্বাক্ষর
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট..........

**তফসিল**

[দফা ২ দ্রষ্টব্য]

(১) এমএস রড বা বার, এঙ্গেল এবং এমএস ওয়্যার

(২) প্রিফেব্রিকেটেড বিল্ডিং

(৩) সকল ধরনের সিমেন্ট

(৪) সকল ধরনের কেবল

(৫) পেইন্ট

(৬) লুব অয়েলসহ সকল ধরনের জ্বালানী তেল

(৭) সকল ধরনের অফিস সরঞ্জাম ও আসবাবপত্র

(৮) এয়ার কন্ডিশনার

(৯) গৃহস্থালি সামগ্রী

**রাষ্ট্রপতির আদেশক্রমে,**

**স্বাক্ষরিত/-**
**আবু হেনা মোঃ রহমাতুল মুনিম**
**সিনিয়র সচিব।**